গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ শাখা।

নং- জনস্বাস্থ্য-১/ ইউআ-৬/২০০২(অংশ-১)/ ২৯৫ তারিখ ঃ ২২-১১-২০১২ ইং

বিষয় ঃ বাংলাদেশে বেসরকারী পর্যায়ে ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ ।

বাংলাদেশের ন্যায় একটি উন্নয়নশীল দেশের দরিদ্র জনগোষ্ঠীর চিকিৎসা সেবায় ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শাস্ত্রের মূল্যবান অবদান রয়েছে। এ চিকিৎসা বিজ্ঞানকে আরো কার্যকর করতে দক্ষ চিকিৎসক গড়ে তোলার জন্য এ শাস্ত্রদ্বয়ের শিক্ষা, গবেষণা ও উৎপাদন ব্যবস্থার উন্নতি আবশ্যক। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে সর্বস্তরে চিকিৎসা সেবা নিশ্চিত করতে আধুনিক চিকিৎসার পাশাপাশি ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ছাড়া বিকল্প নাই। এ চিকিৎসা বিজ্ঞানকে আরও কার্যকর করার লক্ষ্যে দক্ষ চিকিৎসক গড়ে তোলার জন্য এ শাস্ত্রদ্বয়ের শিক্ষা ব্যবস্থার উন্নতি অত্যাবশ্যক। এ উদ্দেশ্যে বাংলাদেশে বেসরকারী পর্যায়ে ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনার জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হ'ল।

১.০ প্রারম্ভিক শর্তাবলী ঃ

১.১ বেসরকারী পর্যায়ে স্নাতক মানের ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ স্থাপনের জন্য-

ক. কলেজের নিজস্ব একটি গঠনতন্ত্র থাকবে, যা সোসাইটিজ এ্যাক্ট ১৮৬০ এর অধীন নিবন্ধিত এবং সংশ্লিষ্ট এ্যাফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত হবে।

খ. কলেজের একটি পরিচালনা পর্ষদ বা গভর্নিং বডি থাকবে, যার সদস্য সংখ্যা হবে অন্যূন ১১(এগার), কিন্তু অনধিক ১৯(উনিশ)। পরিচালনা পর্ষদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১(এক) জন, সংশ্লিষ্ট এ্যাফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের ০১(এক) জন এবং বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন-এর ০১(এক) জন প্রতিনিধি থাকতে হবে। সদস্য সংখ্যাসহ পরিচালনা পর্ষদের গঠন প্রক্রিয়া, ক্ষমতা ও কার্যাবলী গঠনতন্ত্রে উল্লেখ থাকবে।

গ. কলেজটি অলাভজনক ফাউন্ডেশন হিসেবে স্থাপন করা যাবে।

১.২ গঠনতন্ত্রের নিয়ম অনুসরনে কোন তফসিলি ব্যাংকে কলেজের নিজ নামে

ক. একটি হিসাব থাকবে, যেখানে কলেজের দৈনন্দিন হিসাব পরিচালিত হবে।

খ. অন্যূন ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকার একটি স্থায়ী আমানত সংরক্ষিত রাখতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতীত স্থায়ী আমানতের অর্থ উত্তোলন করা যাবে না। তবে কলেজ কর্তৃপক্ষ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফা উত্তোলন করে কলেজের নিজস্ব তহবিলে স্থানান্তর করতে পারবে।

১.৩ কারো নিজ নামে কলেজের নামকরণ করতে হলে প্রতিষ্ঠানের অনুকূলে উক্ত ব্যক্তি বা তা'র পক্ষে নগদ বা সম্পদের মাধ্যমে ন্যূনতম ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকা দান করতে হবে।

২.০ অবকাঠামোগত শর্তাবলী ঃ

২.১ সর্বনিম্ন ২৫ থেকে ৫০ জন ছাত্র/ছাত্রীর আসন বিশিষ্ট বেসরকারী ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল(স্নাতক মান) স্থাপনের জন্য প্রতিষ্ঠানের নামে বিভাগীয় শহরে ন্যূনতম ০১ বিঘা এবং অন্যান্য স্থানে ০১ একর নিজস্ব জমি থাকতে হবে। জমি অখণ্ড ও দায়মুক্ত থাকতে হবে। উত্তম যোগাযোগ ব্যবস্থা সম্বলিত এলাকায় কাঙ্ক্ষিত পরিমানের উর্ধ্বে ফ্লোরস্পেস থাকলে কেবল বিভাগীয় শহরে জমির পরিমান কম-বেশী হতে পারে।

২.২ প্রতিষ্ঠানের নামে ৯৯ বছরের লীজকৃত জমিতে কার্যক্রম চলতে পারে। অধিকতর আসনবিশিষ্ট কলেজ স্থাপন বা ইতিপূর্বে স্থাপিত কলেজের আসন বৃদ্ধি অথবা ইউনানী ও আয়ুর্বেদিক উভয় শাখায় শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জমির পরিমান, ফ্লোরস্পেস, অবকাঠামো, জনবল ইত্যাদি আনুপাতিক হারে বৃদ্ধি করতে হবে।

২.৩ প্রস্তাবিত ইউনানী/আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ(স্নাতক মান)-এর জন্য ন্যূনতম ১৫,০০০ (পনের হাজার) বর্গফুট ও হাসপাতালের জন্য ন্যূনতম ১০,০০০ (দশ হাজার) বর্গফুট আয়তন বিশিষ্ট নিজস্ব ভবন থাকতে হবে। সাময়িক অনুমোদনকাল পর্যন্ত সমপরিমান আয়তন বিশিষ্ট ভাড়া ভবনে কার্যক্রম চলতে পারে।

চলমান-২

২.৪ পাঠদানের নিমিত্তে পর্যাপ্ত সংখ্যক শ্রেণীকক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীদের পৃথক কমন রুম, লাইব্রেরি, ল্যাবরেটরি, মিলনায়তন, সেমিনার কক্ষ, অফিস কক্ষ, পানীয় জল, শৌচাগার, খেলাধুলা ও বিনোদন-এর ব্যবস্থাসহ প্রয়োজনীয় সকল ক্ষেত্রে পর্যাপ্ত স্থান ও অবকাঠামো সজ্জিত থাকতে হবে।

২.৫ উপযুক্ত সজ্জিত গবেষণাগারসহ বহির্বিভাগীয় ও আন্তঃবিভাগীয় চিকিৎসার সকল সুযোগ-সুবিধা ও অবকাঠামোসহ অন্ততঃ ৩০(ত্রিশ) শয্যা বিশিষ্ট চিকিৎসা কেন্দ্র থাকবে, যেখানে ব্যবহারিক শিক্ষা গ্রহণের ব্যবস্থা বিদ্যমান এবং ১০% শয্যা গরীব রুগীদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা দানের ব্যবস্থা থাকবে। বহির্বিভাগীয় চিকিৎসা কেন্দ্রে পর্যাপ্ত রুগীর সেবা প্রদানের ব্যবস্থাসহ সার্বক্ষনিক জরুরী চিকিৎসা কার্যক্রম থাকতে হবে।

২.৬ শিক্ষা কার্যক্রমের বিভিন্ন বিভাগের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধাসহ একই ক্যাম্পাসে কলেজের অ্যাকাডেমিক ও হাসপাতাল আলাদা ভবনে থাকতে হবে।

২.৭ ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক আবাসনের ব্যবস্থা করতে হবে।

৩.০ <u>শিক্ষা কার্যক্রম চালুর শর্তাবলী ঃ</u>

৩.১ কোনো উদ্যোক্তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়ার পর সংশ্লিষ্ট অধিভুক্তিকারী বিশ্ববিদ্যালয়-এর লিখিত সম্মতি ব্যাতিত ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল-এর শিক্ষা কার্যক্রম শুরু করতে পারবেন না। নীতিগত অনুমোদন প্রাপ্তির ২ (দুই) বছরের মধ্যে শিক্ষা কর্যক্রম শুরু করতে ব্যর্থ হলে প্রাপ্ত অনুমোদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনো কলেজ সাময়িকভাবে ভর্তি স্থগিতাদেশ প্রদান করা হলে স্থগিতাদেশ প্রদানের ২ (দুই) বছরের মধ্যে কলেজ কর্তৃপক্ষ শিক্ষা কার্যক্রম পুনরায় চালু করতে ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে কলেজের অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

৩.২ বেসরকারী ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপনের আবেদন পত্রের সাথে কলেজ ও হাসপাতালের জন্য প্রস্তাবিত অর্গানোগ্রাম, পদ সৃষ্টির বিবরণ (বেতন স্কেল উল্লেখসহ), সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের চাকুরি বিধিমালা দাখিল করতে হবে।

৩.৩ নতুন বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন অথবা বিদ্যমান বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজসমূহ (ডিপ্লোমা) স্নাতকমানে উন্নীতকরণের জন্য নীতিমালায় উল্লেখিত শর্তসমূহ পূরণ স্বাপেক্ষে আবেদন করতে হবে।

৩.৪ অনুমোদিত জনবল কাঠামো ও চাকুরি বিধিমালা অনুসারে বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজে (স্নাতক মান) শিক্ষা কার্যক্রম (ছাত্র-ছাত্রী ভর্তি) শুরুর পূর্বে কলেজ ও হাসপাতালের জন্যে জনবল নিয়োগ করে পূর্ণাঙ্গ বিবরণী মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

৩.৫ শিক্ষা কার্যক্রমের প্রত্যেক বিভাগ, প্রোগ্রাম ও কোর্সের জন্য নির্ধারিত সংখ্যক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে। শিক্ষক নিয়োগে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance,1983 (Ordinance No. XXXII of 1983.) এর অধীন প্রণীত প্রবিধানমালায় উল্লেখিত নিয়মাবলী ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩.৬ প্রতি ২৫ জন শিক্ষার্থীর জন্য পাঠ্যক্রমের প্রত্যেক বিষয়ে শিক্ষক সংখ্যা হবে অন্যূন ১ (এক) জন। শিক্ষক/শিক্ষিকা এবং শিক্ষার্থীর সংখ্যানুপাতে প্রয়োজনীয় আসবাবপত্র থাকতে হবে।

৩.৭ কলেজের ৫% আসন দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকতে হবে।

৩.৮ ব্যবহারিক শিক্ষাদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, পর্যাপ্ত সুযোগ-সুবিধা সম্বলিত ল্যাবরেটরি, ঔষধি উদ্ভিদ সম্বলিত একটি মান সম্পন্ন বাগান, হার্বেরিয়াম/মিউজিয়াম ও ঔষধ তৈরীর ইউনিট প্রতিষ্ঠা করতে হবে।

৩.৯ পাঠ্যক্রমের বিষয়ভিত্তিক প্রত্যেক বিষয়ের পর্যাপ্ত পাঠ্য ও তথ্যসূত্র সম্বলিত বইসমৃদ্ধ পাঠাগার এবং ছাত্র/ছাত্রী সংখ্যা অনুপাতে মানসম্মত আসন ব্যবস্থা থাকতে হবে।

৪.০ <u>আবেদন পদ্ধতি ঃ</u>

৪.১ অনুচ্ছেদ ১.০ ও ২.০-এর শর্তাবলী পূরণ করে বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপনের জন্য The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance,1983 (Ordinance No. XXXII of 1983.) এর সেকশন ১৬-এর বিধান অনুসরনে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

চলমান-৩

৪.২ আবেদনপত্রের সাথে -

ক. বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন বরাবরে স্বীকৃতি ফি বাবদ ৫০.০০(পঞ্চাশ) হাজার টাকা (অফেরত যোগ্য) পে-অর্ডার মাধ্যমে জমা দিতে হবে।

খ. বর্ণিত তথ্যাদির সমর্থনে প্রামাণ্য দলিলপত্র ও ফি পরিশোধের রশিদ সংযুক্ত করতে হবে।

৫.০ কলেজ স্থাপনের নীতিগত সম্মতি প্রদান ঃ

৫.১ বোর্ড কর্তৃক গঠিত পরিদর্শন টিম প্রাপ্ত আবেদনপত্রের বিষয়াবলী সরেজমিনে তদন্ত করবে। পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক বিবেচিত হলে বোর্ড স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবরে সংশ্লিষ্ট কলেজের অনুমোদনের জন্য সুপারিশ করবে। মন্ত্রণালয় কর্তৃক বিবেচিত ও অনুমোদিত হলে অনুমোদনপত্রসহ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তির জন্য আবেদন করা যাবে। বিশ্ববিদ্যালয়ের সাময়িক অনুমতি সনদ প্রাপ্তির পর কলেজের শিক্ষা কার্যক্রম শুরু হবে।

৬.০ কলেজের চূড়ান্ত অনুমোদন ঃ

৬.১ সাময়িক অনুমতির সময় শেষে অনুচ্ছেদ ৪.১ ও ৫.১ অনুসরণ করে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে।

৬.২ সংশ্লিষ্ট এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী নবায়নযোগ্য হলে প্রাপ্ত সনদের ভিত্তিতে মন্ত্রণালয়ে নবায়নের আবেদন করা যাবে।

৭.০ কলেজ পরিচালনার নীতিমালা (ভর্তি ও কোর্স) ঃ

৭.১ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদন লাভের পর শিক্ষা কার্যক্রম (ছাত্র-ছাত্রী ভর্তি) শুরু করার পূর্বে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের এফিলিয়েশন নিতে হবে এবং অনধিক ২(দুই) মাসের মধ্যে নিবন্ধিকরণের জন্য বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন এর নিকট আবেদন এবং নিশ্চিত করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৭.২ বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজে (স্নাতক মান) সংশ্লিষ্ট এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন কর্তৃক অনুমোদিত সিলেবাস ও কারিকুলাম অনুসরণ করবে।

৭.৩ নতুন প্রতিষ্ঠানের অধিভুক্তি ফি ও পরবর্তী নবায়ন ফি সংশ্লিষ্ট এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের নিয়ম মোতাবেক পরিশোধ করতে হবে।

৭.৪ ইউনানী/আয়ুর্বেদিক স্নাতক মানের শিক্ষাকোর্সে ভর্তির শিক্ষাগত যোগ্যতা, বয়স, কোর্সকারিকুলাম, পরীক্ষা পদ্ধতি, ইত্যাদি The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance,1983 (Ordinance No. XXXII of 1983.) এর অধীন প্রণীত প্রবিধানমালায় উল্লেখিত নিয়মাবলী ও শর্তাবলী অনুযায়ী পালিত হবে।

৭.৫ ইউনানী/আয়ুর্বেদিক স্নাতক মানের শিক্ষাকাল হবে ৫(পাঁচ) বছর। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণের পর স্বীকৃতি প্রাপ্ত কলেজসংলগ্ন হাসপাতালে বাধ্যতামূলক এক বৎসর মেয়াদী ইন্টার্ন কোর্স সম্পন্ন করতে হবে। কেবল দিবা ভাগে এ শিক্ষা কার্যক্রম চলবে।

৭.৬ প্রয়োজনীয় অবকাঠামো, শিক্ষক ও শিক্ষাদান সংশ্লিষ্ট সকল সুযোগ-সুবিধা নিশ্চিত হলে এই নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ স্বাপেক্ষে একই প্রতিষ্ঠানে ইউনানী ও আয়ুর্বেদিক উভয় শাখায় স্নাতক মানের শিক্ষা কার্যক্রম চালু করা যাবে।

৭.৭ চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণের পর সফল ভাবে ইন্টার্ন কোর্স সমাপনান্তে শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক ক্ষেত্র বিশেষে পেশাগত "ব্যাচেলর অব ইউনানী মেডিসিন অ্যান্ড সার্জারি" সংক্ষেপে বিইউএমএস (BUMS) এবং পেশাগত "ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন অ্যান্ড সার্জারি" সংক্ষেপে বিএএমএস (BAMS) ডিগ্রি লাভ করবে।

৭.৮ কোন ছাত্র/ছাত্রী প্রথম ভর্তি রেজিষ্ট্রেশন পাওয়ার পর নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে কলেজে তার শিক্ষার মেয়াদ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী সময় সীমার মধ্যে নির্ধারিত থাকবে।

৭.৯ নির্ধারিত সময়ে ইন্টার্ন কোর্স সমপানান্তে কলেজ অধ্যক্ষ-এর সুপারিশক্রমে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় পেশাগত স্নাতক ডিগ্রী সনদ প্রদান করবে। সনদ প্রাপ্তির পর The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance,1983 (Ordinance No. XXXII of 1983.) এর অধীন চিকিৎসক নিবন্ধন প্রাপ্তির যোগ্যতা অর্জিত হবে।

৭.১০ পেশাগত বিইউএমএস/বিএএমএস পরীক্ষায় বহিরাগত পরীক্ষার্থী হিসাবে অধ্যয়ন কিংবা পরীক্ষায় অংশগ্রহণ করা যাবেনা।

৭.১১ কোনো ছাত্র/ছাত্রী এ কোর্সে অধ্যয়নরত অবস্থায় অন্য কোনো কোর্সে বা প্রতিষ্ঠানে অধ্যয়ন কিংবা চাকুরী করতে পারবেনা। সাধারণ শিক্ষাগত যোগ্যতা বর্ধনকল্পে অন্য কোনো পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করা যাবেনা।

৭.১২ প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রী ডিগ্রীপ্রাপ্ত হওয়ার পর বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি করতে পারবে।

৭.১৩ বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মানের) কর্তৃপক্ষ যথাযথভাবে কলেজ ও হাসপাতালের যাবতীয় লেনদেনের হিসাব সংরক্ষণ করবে। প্রতি আর্থিক বৎসর শেষে অনতিবিলম্বে রেজিস্টার্ড অডিট ফার্ম দ্বারা নিরীক্ষণ সম্পন্ন করে নিরীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট সকল নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে।

৮.০ <u>পরিদর্শন ও মূল্যায়ন ঃ</u>

৮.১ বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) সমূহে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা, শিক্ষা কার্যক্রম, ইত্যাদি যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা' The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance,1983 (Ordinance No. XXXII of 1983.) এর বিধান মোতাবেক সময়ে সময়ে যাচাই করা হবে।

৮.২ প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা মন্ত্রণালয় ও বোর্ড কর্তৃক গঠিত পরিদর্শন টিম বছরে অন্তত একবার পরিদর্শন করবে।

৯.০ <u>বিবিধ ঃ</u>

৯.১ এই নীতিমালার আওতায় বাংলাদেশের যে কোনো স্থানে বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন করা যাবে।

৯.২ শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম সকল শ্রেণীর যোগ্য শিক্ষার্থীর ভর্তি, জ্ঞানার্জন ও সাফল্যের সাথে ডিগ্রি সমাপ্তির অধিকার থাকবে।

৯.৩ এ নীতিমালা জারি হওয়ার পর এ পর্যায়ের সকল বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) এ নীতিমালার আওতায় পরিচালিত হবে। নীতিমালার কোনো শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কলেজের অনুমোদন বাতিলযোগ্য হবে।

৯.৪ কোনো বেসরকারি ইউনানী/আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল (স্নাতক মানের) এমন নামে স্থাপন করা যাবেনা, যে নামে একটি বিদ্যমান সরকারি অথবা বেসরকারি মেডিকেল কলেজ বা অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান ইতোপূর্বে স্থাপিত হয়ে উক্ত নামে বহাল আছে অথবা যে নামের সাথে প্রস্তাবিত নামের মিল বা সাদৃশ্য রয়েছে।

৯.৫ কোনো বৈদেশিক প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করতে হলে সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে।

৯.৬ সরকার যে কোনো সময় প্রয়োজনে-এ নীতিমালা পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবে।

(ড. আছমা আকতার জাহান)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৬৭২৫২

নং- জনস্বাস্থ্য-১/ ইউআ-৬/২০০২(অংশ-১)/ ২৯৫ তারিখ ঃ ২২-১১-২০১২ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। যুগ্ম-সচিব(চিশিজ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/খুলনা বিশ্ববিদ্যালয়/বরিশাল বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক(হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৭। পরিচালক(মেডিকেল এডুকেশন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। অধ্যক্ষ, সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, হাসপাতাল, ঢাকা।
৯। অধ্যক্ষ, সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

চলমান-৫

১০। রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা।
১১। রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৫। অতিরিক্ত সচিব(জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ড. আছমা আকতার জাহান)
উপ-সচিব